



ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

26 February 2026

7:35 AM IST

=====

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা আজ সকাল সাড়ে দশটায় গুয়াহাটী খানাপাড়ার জ্যোতি-বিষ্ণু আন্তর্জাতিক কলা মন্দিরে মুখ্যমন্ত্রী নিযুক্ত বাবু প্রকল্পের সূচনা করবেন। এই প্রকল্পের মাধ্যমে রাজ্যের আর্থিক ভাবে দুর্বল পরিবারের স্নাতক ও স্নাতকোত্তর স্তরে পাঠরত ছাত্রদের আর্থিক সাহায্য প্রদান করা হবে। এই প্রকল্পের মাধ্যমে রাজ্যের প্রথম বছর ৪৭ হাজার তিনশ ৯৫ জন ছাত্রকে আর্থিক সাহায্য আগামী তিন বছর প্রদান করা হবে। আজকের অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ডক্টর রনোজ পেগু সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

রাজ্যে প্রতিবছর চিকিৎসা বিজ্ঞান এবং অভিযান্ত্রিক শাখায় নাম ভর্তি করা ছাত্রীর সংখ্যা নিরন্তর বৃদ্ধি পাচ্ছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা জানিয়েছেন। গতকাল যোরহাটের নবনির্মিত আসাম মহিলা বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাসের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা বলেন যে- রাজ্য সরকার আত্মসহায়ক গোষ্ঠীর মাধ্যমে ৪০ লক্ষ মহিলাকে সংগঠিত করতে সমর্থ হয়েছে এবং শিক্ষা, কর্মসংস্থান ও আত্মনির্ভরশীলতা সহ সবকটি

দিকে গত পাঁচটি বছরে রাজ্য নির্ণায়ক সাফল্য অর্জন করেছে । নতুন শিক্ষানীতির দ্বারা পরিচালিত বিশ্ববিদ্যালয়ে ১৭টি বিভাগে ৪৪টি ডিগ্রি পাঠক্রমের সুবিধা রয়েছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন ।
মুখ্যমন্ত্রী আরো বলেন

#বাইট# সি এম

রাজ্যের মুখ্যসচিব ডঃ রবি কোটা, আসাম পুলিশের সঞ্চালক প্রধান হরমিত সিং, বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী মন্ত্রী কৌশিক রাই এবং পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল গতকাল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামী ১৪ই মার্চের শিলচর সফরের অনুষ্ঠানস্থল পরিদর্শন করেন । তাঁরা রামনগর বাইপাস এলাকার সভাস্থলী, নিরাপত্তা ব্যবস্থা, যানবাহন নিয়ন্ত্রণ এবং অন্যান্য প্রস্তুতির খোঁজখবর নেন । এরপর কাছাড়ের জেলা আয়ুক্তের কার্যালয়ে রাজ্যের মুখ্য সচিব, পুলিশের সঞ্চালক প্রধান এবং দুই মন্ত্রীর উপস্থিতিতে এক বৈঠক অনুষ্ঠিত হয় । এই বৈঠকে সিনিয়র পুলিশ সুপার সহ বিভিন্ন বিভাগের উচ্চপদস্থ আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

কেন্দ্রীয় দক্ষতা উন্নয়ন ও উদ্যমিতা মন্ত্রণালয়ের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী জয়ন্ত চৌধুরী গতকাল হাইলাকান্দিতে উচ্চাকাঙ্ক্ষী জেলায় রূপায়ন করা প্রকল্পগুলি খতিয়ে দেখতে জেলা প্রশাসনের শীর্ষ আধিকারীকদের সঙ্গে এক বৈঠকে মিলিত হন । বৈঠকে মন্ত্রী শ্রীচৌধুরী জানান যে উচ্চাকাঙ্ক্ষী জেলার আওতায় জেলায় ৩৬টি প্রকল্পের কাজ জোরগতিতে এগিয়ে চলছে । প্রধানমন্ত্রী বিশ্বকর্মা প্রকল্পের অধীনে জেলায় গত বছর ৭৪ জনকে এবং

চলতি অর্থ বছরে ৩৭ জনকে স্বাবলম্বী করে তোলার লক্ষ্যে অর্থ প্রদান করা হয়েছে বলে তিনি জানান। কেন্দ্রীয় মন্ত্রী শ্রীচৌধুরী জেলায় ৬৫ হাজার আত্ম-সহায়ক গোষ্ঠীর সদস্যদের উৎপাদিত সামগ্রীর ভূয়সী প্রশংসা করেন। পরে আত্ম-সহায়ক গোষ্ঠীর সদস্যদের দ্বারা উৎপাদিত সামগ্রী মন্ত্রীর হাতে তুলে দেওয়া হয়েছে। সভায় জেলা আয়ুক্ত অভিষেক জৈন, জেলা উন্নয়ন আয়ুক্ত নরসিং বে, জেলা পরিষদের মুখ্য কার্যবাহী আধিকারীক রুথ লিয়াংথাং প্রমুখ উপস্থিত ছিলেন।

বিকশিত ভারত গ্রামীণ কর্মসংস্থান নিশ্চিতকরণ আইনের অধীনে শ্রমিকরা এখন থেকে একশো দিনের পরিবর্তে ১২৫ দিনের কর্মসংস্থান লাভ করবে এবং শ্রমিকরা সময়মতো মজুরী না পেলে সরকার সুদ সহ তাদের অর্থ ফেরত দেবে। কেন্দ্রীয় গ্রামন্যায়ন প্রতিমন্ত্রী কমলেশ পাশোয়ান গতকাল মাজুলীর গড়মুর'এ 'বিকশিত ভারত গ্রামীণ কর্মসংস্থান নিশ্চিতকরণ' শীর্ষক আলোচনায় অংশগ্রহণ করে একথা জানান। মন্ত্রী শ্রীপাশোয়ান বলেন যে- সমগ্র প্রক্রিয়াটি স্বচ্ছ করে তোলার উদ্দেশ্যে শ্রমিকদের জন্য কে ওয়াই সি বাধ্যতামূলক করা হয়েছে এবং সম্পূর্ণ ব্যবস্থাটি একশো শতাংশ ডিজিটাল করার ব্যবস্থা করা হচ্ছে। ১৫দিনের মধ্যে শ্রমিকদের মজুরী দিতে না পারলে সরকার সুদ সহ সেই অর্থ প্রদান করা হবে।

আসাম উদ্যান শস্য সমিতি, কৃষি সঞ্চালকালয়, উদ্যান শস্য ও খাদ্য প্রক্রিয়াকরণ সঞ্চালকালয়ের উদ্যোগে এবং আসাম কৃষি বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় আজ থেকে খানাপারার কৃষি সঞ্চালকালয় প্রাঙ্গণের খেলার মাঠে ২৫তম রাজ্য কৃষি উদ্যান শস্য মেলার আয়োজন করা হয়েছে। আয়োজিত এই মেলায় ৭৫ টি ষ্টল

অংশগ্রহণ কৰবে । এই ষ্টলগুলোতে বিভিন্ন জেলার উন্নত মানের কৃষিজাত এবং উদ্যান শস্য সামগ্ৰী প্রদৰ্শন ও বিক্রয় করা হবে । কৃষিমন্ত্রী অতুল বরার পৃষ্টপোষকতায় এবং আসাম কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিদ্যুৎ চন্দন ডেকা এবং কৃষি বিভাগের শীৰ্ষ আধিকারীকদের পরামৰ্শে এই মেলা পরিচালনা করার জন্য একটি আয়োজক কমিটি গঠন করা হয়েছে ।

কাছাড়ের অতিরিক্ত ন্যায় দন্ডাধীশ বংকিম শৰ্মা গতকাল এক রায়ে ২০০৪ সালে শিলচর জানিগঞ্ছের সুরানা টেক্সটাইলসে কর্মরত মুন্না মজুমদার নামের এক কর্মচারীর মৃত্যুর জন্য কাপড় ব্যবসায়ী ধনরাজ সুরানা , দুজন কর্মচারী রতন দেবনাথ ও রিংকু দেবকে যাবজ্জীবন কারাদন্ড দিয়েছেন । তিনজন ব্যক্তি ২০ হাজার টাকা করে জরিমানাও প্রদান করা হয়েছে ।
